চুয়াডাঙ্গায় ফার্মেসী সিলগালা ও জরিমানা

চুয়াডাঙ্গা সদর হাসপাতাল এলাকায় ২৮ টাকার ইনজেকশন ১০০ টাকায় বিক্রির অভিযোগের ভিত্তিতে চন্দন ফার্মেসিতে অভিযান চালিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা। এ সময় নগদ ১০ হাজার টাকা জরিমানা ও ফার্মেসি সিলগালা করা হয়।

রোববার (৩০ জানুয়ারি) দুপুর ১ টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতাল গেটের সামনে চন্দন ফার্মেসিতে এ অভিযান পরিচালনা করা হয়।। এসময় ২৮ টাকার ইনজেকশন ১০০ টাকা নেয়ার ঘটনার সত্যতা পাওয়ায় ফার্মেসীর মালিক ফরিদ উদ্দিনকে (চন্দন) নগত ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

ফার্মাসিস্ট নিয়োগ না থাকায় ফার্মেসি এক সপ্তাহের জন্য সিলগালা করে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহম্মেদ।

এর আগে শনিবার (২৯ জানুয়ারি) সকালে সংকটের অজুহাত দেখিয়ে ২৮ টাকার জেসোকেইন ২% ইনজেকশন (অবশ করার জন্য ব্যবহৃত) ১০০ টাকায় বিক্রির অভিযোগ উঠে চন্দন ফার্মেসির মালিকের বিরুদ্ধে। এ ঘটনার পর ভুক্তভোগী সংবাদকর্মীদের নিকট অভিযোগ করেন। বিষয়টি চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার ও জেলা ওষুধ তত্ত্বাবধায়কের নজরে আসে। এরপরই রোববার দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহম্মেদ ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

সজল আহম্মেদ বলেন, গনমাধ্যমে সংবাদ প্রকাশের পর বিষয়টি আমার নজরে আসে। পরে ওই ফার্মেসিতে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়। এসময় ২৮ টাকার ইনজেকশন ১০০ টাকা নেয়ার ঘটনার সত্যতা পাওয়ায় ফার্মেসীর মালিক ফরিদ উদ্দিনকে (চন্দন) নগত ১০ হাজার টাকা জরিমানা করা হয়। ফার্মাসিস্ট নিয়োগ না থাকায় চন্দন ফার্মেসি এক সপ্তাহের জন্য সিলগালা করা হয়।

এসময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ওষুধ তত্ত্বাবধায়কের সহকারী পরিচালক কে এম মুহসীনিন মাহবুব ও চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি টিম

গাংনীর লক্ষিনারায়নপুর ধলাতে চুলার আগুনে দগ্ধ এক শিশু

চুলাই খড়ি দিয়ে জাল দিতেই অসাবধানতাবসত শিশু আয়েশা খাতুনের গায়ে আগুন ধরে যায়। আগুনে তার পিঠের সমস্ত চামড়া পুড়ে গেছে।

আজ রোববার (৩০ জানুয়ারী) সকালে নিজের বাড়ির চুলায় জাল দিতে গিয়ে এঘটনা ঘটে।

আয়েশা খাতুন গাংনী উপজেলার লক্ষিনারায়নপুর ধলা গ্রামের আসাব উদ্দীনের মেয়ে ও স্থানীয় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেনীর ছাত্রী।

আয়েশার পিতা আসাব উদ্দীন জানান, সকালে আয়েশার মার রান্না করছিল। মেয়ে পাশেই বসা ছিল। হঠাৎ সে কিছু খড়ি নিয়ে চুলাতে জাল দিতে শুরু করে। হঠাৎ অসাবধনতা বসত আগুনের ফুলতি গিয়ে তার পিঠে পড়ে কাপড়ে আগুন ধরে যায়। তাকে উদ্ধার প্রথমে গাংনী হাসপাতালে নিলে প্রাথমিক চিকিৎসা দিয়ে উন্নত চিতিৎসার জন্য মেহেরপুর ২৫০ সয্যার জেনারেল হাসপাতালে প্রেরণ করে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রের জরুরী বিভাগে কর্মরত চিতিৎসক সামসুল আরেফিন জানন, তার পিঠের অধিকাংশিই পুড়ে গেছে। তাই উন্নত চিকিৎসার জন্য মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

গাংনীতে অগ্নি নির্বাপন মহড়া

মেহেরপুরের গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামে বামুন্দী ফায়ার সার্ভিস স্টেশন এর উদ্যোগে অগ্নি নির্বাপন মহড়া অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (৩০ জানুয়ারি) দুপুর ১২ টার দিকে সাপ্তাহিক অগ্নি নির্বাপন মহড়ার অংশ হিসেবে এ মহড়া অনুষ্ঠিত হয়।

বামুন্দী ফায়ার সার্ভিস স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা ইসাহাক আলী জানান, প্রতি বছরই অগ্নিকান্ডে অনেক জানমালের ক্ষতি হয়। অতি গুরুত্বপূর্ণ এ বিষয়ে সকলের সচেতনতা খুবই জরুরি। পরিবারের সকল সদস্যকে অগ্নিকাণ্ড প্রতিরোধে প্রাথমিক কৌশলগুলো জেনে রাখতে হবে। বৈদ্যুতিক যন্ত্রপাতি, গ্যাসের চুলা ব্যবহার ও রক্ষণাবেক্ষণের মৌলিক নিয়মগুলো সবাইকে জানতে হবে। প্রয়োজনে ঘরে ফায়ার এক্সটিঙ্গুইসার রাখতে হবে এবং তার ব্যবহার জানতে হবে।

এসময় চৌগাছা গ্রামের জনগণকে কিভাবে ফায়ার এক্সটিঙ্গুইসার ব্যবহার করতে হয় সে বিষয়ে অবগত করা হয়। একই সাথে ফায়ার এক্সটিঙ্গুইসার ব্যবহার করে কিভাবে অগ্নি নির্বাপন করতে হয় সে লক্ষ্যে উপস্থিত জনগনকে তা ব্যবহার করে দেখাতে বলা হয়। সবার কাছে নিকটবর্তী ফায়ার সার্ভিসের ফোন নং ১৬১৬৩ সেভ করে রাখার পরামর্শও দেওয়া হয়।

প্রায় ঘন্টা ব্যাপী এ মহড়ায় কিভাবে এবং কত দ্রুত আগুন নেভানোর পদক্ষেপ নিতে হবে এবং আহতদের চিকিৎসার উদ্যোগ নিতে হবে সে পদ্ধতি দেখানো হয়।

অগ্নি নির্বাপন মহড়ায় বামুন্দী ফায়ার সার্ভিস স্টেশনের ভারপ্রাপ্ত কর্মকর্তা ইসাহাক আলী ছাড়াও আরিফুর রহমান, শরিফুল ইসলাম, সিরাজুল ইসলাম, মতিয়ার রহমান ও ড্রাইভার আরিফ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে দুই মাদক সেবীর ৬ মাসের সশ্রম করাদন্ড

মেহেরপুরে মাদক সেবনের উদ্দেশ্যে গাজা রাখার অভিযোগে মোঃ রাকিব ও মোঃ সোহাগ নামের দুই ব্যক্তিকে ৬ মাসের সশ্রম কারাদন্ড দেয়া হয়েছে।

গত বৃহস্পতিবার দুপুরের দিকে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ১ম কোর্টের বিচারক এস.এম.শরিয়ত উল্লাহ আসামিদ্বয়কে ০৬ মাসের সশ্রম করাদন্ড প্রদান করেন।

মামলার এজাহারে জানা গেছে, ২০১৭ সালে গাজা রাখার দায়ে তাদের নামে এজাহার দায়ের করা হয়। তাদের বিরুদ্ধে ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনের ১৯ (১) টেবিলের ক্রমিক নং ৭ (ক) ধারায় অভিযোগ গঠন করা হয় এবং সাক্ষ্য গ্রহণ শেষে আসামিদ্বয়কে ১৯৯০ সালের মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনের ১৯ (১) টেবিলের ক্রমিক নং ৭ (ক) ধারার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় ০৬ মাসের সশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

কাথুলীতে দি হাঙ্গার প্রজেক্ট ও ইউনিয়ন পরিষদের সমঝোতা সাক্ষর

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী তে দি হাঙ্গার প্রজেক্ট ও ইউনিয়ন পরিষদের সমঝোতা স্বাক্ষর অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকালে কাথুলী ইউনিয়ন পরিষদের হলরুমে নবানির্বাচিত চেয়ারম্যান ও মেম্বারদের ফুল দিয়ে বরণ করে নেওয়ার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাথুলী ইউনিয়ন ভলেন্টিয়ার ফরম এর সভাপতি মাহিদুল ইসলাম ফুরকান।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক ও কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট-এর গাংনী এরিয়া সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিন।

অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন শাখার বাংলাদেশ আওয়ামী কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা। আরো উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের কাথুলী ইউনিয়ন ইউনিয়ন সমন্বয়কারী বাশারুল ইসলাম। ইউনিয়ন

ভলেন্টিয়ার ফরমের নব নির্বাচিত সভাপতি মফিজুর রহমান সহ ইউনিয়ন পরিষদের সকল মেম্বার ও স্বেচ্ছাসেবক বৃন্দ।

একটি সফল কার্যকরী ইউনিয়ন পরিষদ গড়ে তোলার লক্ষ্যে দি হাঙ্গার প্রজেক্টের সাথে সমঝোতা স্বাক্ষর করা হয়। এর মধ্যে দিয়ে একে অপরের উন্নয়নে কাজ করবে বলে জানান হাঙ্গার প্রজেক্টের এরিয়া সমন্বয় কারী হেলাল উদ্দীন।

মুজিবনগরে ৪০ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর উপজেলার তারানগর গ্রামে অভিযান চালিয়ে ৪০ বোতল ফেন্সিডিলসহ ফরজ আলী (৫০) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

আজ রবিবার সকাল সাড়ে ৯ টার দিকে পুলিশ তাকে গ্রেফতার করে। আটক ফরজ আলী মুজিবনগরের জয়পুর মিশনপাড়ার আব্দুল হাকিমের ছেলে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার এসআই বিপ্লব কুমার হালদার, এসআই সুভাষ কুমার রায়, এএসআই মোঃ নাজমুল হাসান, এএসআই মোঃ আসাদুজ্জামান, এএসআই এসএম আলিফ ও সংগীয় ফোর্সসহ তারানগর গ্রামে বিশেষ অভিযান পরিচালনা করেন। এসময় ফরজ আলীর গতিবিধি সন্দেহ হলে তাকে তল্লাশি করে তার কাছে থেকে ৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। পরে তাকে উদ্ধারকৃত ফেন্সিডিলসহ থানায় নেওয়া হয়। পরে আটক আসামীর বিরুদ্ধে মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হইয়াছে। তাকে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

মেহেরপুর প্রতিদিনের সম্মাননা আমার দায়িত্বশীলতার যায়গাতে নতুন মাত্রা যুক্ত করলো

সদ্য ঘোষিত বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারে (শিশু সাহিত্য) মনোনীত বিশিষ্ট কথা সাহিত্যিক ও মুক্তিযুদ্ধের গবেষক রফিকুর রশীদ বলেছেন, যে কোনো পুরস্কার পাওয়া আনন্দের ঘটনা। আমি আমার আনন্দের সাথে যুক্ত করতে চাই দায়িত্বের কথাটিও। এখন থেকে আরো একটু দায়িত্ব বেড়ে গেলো। আমি আমার সাহিত্যে যাদের কথা বলতে চাই, যেভাবে বলতে চাই, সেটাকে আরো গুছিয়ে আনা, আরো সামনে আনা জাতীয়ভাবে তুলে ধরতে হবে।

শনিবার সন্ধ্যায় কবির নিজ বাসভবন নীল আঁচলে মেহেরপুর জেলার একমাত্র পত্রিকা মেহেরপুর প্রতিদিন পত্রিকার দেওয়া ফুলেল শুভেচ্ছা ও সম্মাননা ক্রেষ্ট প্রদান অনুষ্ঠানে অনুভূতি ব্যক্ত করতে গিয়ে এসব কথা বলেন তিনি।

অনুভূতি ব্যক্ত করতে গিয়ে তিনি আরও বলেন, আমাদের মেহেরপুরের প্রতিনিধিত্বশীল দৈনিক কাগজ মেহেরপুর প্রতিদিন আমাকে ক্রেষ্ট ও ফুলেল শুভেচ্ছা জানিয়ে সম্মাননা জানিয়েছে। মেহেরপুর প্রতিদিনের দেওয়া সম্মাননা আমাকে আমার দায়িত্বশীলতার যায়গাতে আরও একটি নতুন মাত্রা যুক্ত করেছে। মেহেরপুর প্রতিদিনকেও শুভেচ্ছা জানান ও পত্রিকার দীর্ঘায়ূ কামনা করেন তিনি।

মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন ও ব্যবস্থাপনা সম্পদক মাহবুব চাঁন্দু মেহেরপুরের এই গুণী কবি ও সাহিত্যিকের হাতে প্রথমে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন ও সম্মাননা স্মারক হিসেবে ক্রেস্ট তুলে দেন।

এসময় গাংনী ডক্টরস পয়েন্টের সত্বাধিকারী ডাক্তার সজীব উদ্দীন স্বাধীন, মেহেরপুরে প্রতিদিনের নিজস্ব প্রতিনিধি জুলফিকার আলী কানন, গাংনী প্রতিনিধি আক্তারুজ্জামান, আইটি প্রধান রোকনুজআমান উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত রবিবার (২৩ জানুয়ারী) বাংলা একাডেমী থেকে উপর মোট ১১ জনকে পুরস্কৃত করার ঘোষণা দেয়। রফিকুর রশীদ শিশু সাহিত্যের

জন্য মনোনীত হয়েছেন।

বাংলা একাডেমী আয়োজিত অমর একুশে বই মেলা উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ পুরস্কার প্রদান করবেন।

মেহেরপুরে আরও ৩৯ জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩৯ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৭ জন, গাংনী ১১ জন এবং মুজিবনগরে ১ জন। শনিবার সন্ধ্যায় জেলা স্বাস্থ্য বিভাগ সূত্রে এ তথ্য জানা গেছে। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮৩ টি। তারমধ্যে ৩৯ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ১৩৫ জন। তার মধ্যে সদরে ৮৩ জন, গাংনীতে ৩৬ জন এবং মুজিবনগরে ১৬ জন।

কালীগঞ্জে অজ্ঞান পার্টির খপ্পরে ব্যবসায়ী, আটক ২

ঝিনাইদহের কালীগঞ্জে ডিম ব্যবসায়ী রমেল পারভেজ প্রান্ত অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নগদ এক লক্ষ টাকা হারিয়েছেন। শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় অজ্ঞান পার্টির দুই সদস্যকে স্থানীয়রা আটক করে পুলিশে দিয়েছে।

আটককৃতরা হলেন, ঢাকার সাভার এলাকার জালেশ্বর এলাকার তারা মিয়ার ছেলে সাইদুল ইসলাম (৩০) ও যশোরের অভয়নগর উপজেলার নওয়াপাড়া

এলাকার মৃত আলী আহম্মদের ছেলে মামুন অর রশিদ তালুকদার (৪৪)।

ডিম ব্যবসায়ী রমেল পারভেজ প্রান্ত জানান, শনিবার সকাল সাড়ে ১১ টার দিকে শহরের মেইন বাসস্ট্যান্ড থেকে রূপসা হামিদ আলী বাসে করে ঝিনাইদহ যাচ্ছিলেন। তিনি বাসের একটি সিটে বসেন। হঠাৎ পাশ থেকে একজন খেজুর খেতে বেশ অনুরোধ করেন। এরপর খেতে না চাইলে জোর করেই মুখের মধ্যে ঢুকিয়ে দেয়। মুখে দেওয়ার সাথে সাথে মাথা ঘুরতে থাকে। এরপর তিনি মুখ থেকে খেজুর ফেলতে চাইলে তারা বাঁধা দেয়। সিট থেকে উঠে যেতে চাইলেও বাঁধা দেয়। এরপর শরীরের শক্তি দিয়ে সেখান থেকে বরে হয়ে বাইরে খেজুর ফেলে দিই। এরমধ্যে তার আমার ডান পকেট থেকে নগদ এক লক্ষ টাকা বের করে নিয়ে গাড়ি থেকে লাফ দেয়। এরপর তার চিৎকারে স্থানীয়রা অজ্ঞান পার্টির দুই সদস্যকে ধরে ফেলে এবং অসুস্থ রমেল পারভেজকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

আটক অজ্ঞান পার্টির দুই সদস্য ওই ব্যবসায়ীকে খেজুর খাওয়ায়ে অজ্ঞান করার কথা স্বীকার করেছেন।

কালীগঞ্জ থানার ওসি (তদন্ত) মতলেবুর রহমান জানান, স্থানীয়রা মারধর করে অজ্ঞান পার্টির দুই সদস্যকে মারধর করে পুলিশে সোপর্দ করেছে। বিষয়টি তদন্ত করে ব্যবস্থা নেওয়া হবে।

ভূমিহীনদের দেওয়া ঘর পরিদর্শন করলেন এ কে এম ফজলুর রহমান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার গৃহহীন-ভূমিহীনদের জন্য নির্মিত আর্শিনগর (আশ্রয়ণ-২ প্রকল্প) ঘর পরিদর্শন করেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক একে এম ফজলুর রহমান।

শনিবার দুপুরে ঝিনাইদহের হরিনাকুণ্ড উপজেলার আর্শিনগর সহ কয়েকটি স্থানে গৃহহীন পরিবারের পূনর্বাসন স্বপ্ন নগরী পরিদর্শন করেন তিনি।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, হরিনাকুণ্ডু উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহামেদ, প্রধানমন্ত্রীর কার্যালয়ের অফিস সহায়ক আব্দুল হান্নান শেখ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ জামাল হোসাইন,উপজেলা প্রকৌশলী কর্মকর্তা সাব্বির-উল ইসলাম। এসময় আরো উপস্থিত ছিলেন,তাহেরহুদা ইউনিয়ন ভূমি কর্মকর্তা আব্দুল হান্নান।

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক একে এম ফজলুর রহমান নির্মান কাজের গুনগত মান ও খাস জমি নির্বাচন প্রক্রিয়ায় সন্তোষ প্রকাশ করেন।